DELTA GALIL
INDUSTRIES LTD.

# ডেল্টা গ্যালিল কোড অফ কন্ডাক্ট

## উদ্দেশ্য

এই আচরণবিধিটি ডেল্টা গ্যালিল ইন্ডাস্ট্রিজ লিমিটেড ("ডেল্টা গ্যালিল") এর অধিভুক্ত কোম্পানিগুলির সাথে ব্যবসা করার ন্যূনতম প্রয়োজনীয়তার রূপরেখা দেওয়ার জন্য ডিজাইন করা হয়েছে। ডেল্টা গ্যালিল আশা করে যে সমস্ত সরবরাহকারী এই বিধিতে বর্ণিত সমস্ত ধারা সম্পর্কিত একটি ঝুঁকি মূল্যায়ন পরিচালনা করবে এবং উন্নতির ফাঁকগুলি এবং সম্ভাব্য ক্ষেত্রগুলি চিহ্নিত করে সক্রিয়ভাবে ঝুঁকি কমানোর জন্য যে সরবরাহকারীদের সামগ্রী বা ইনপুটগুলি ডেল্টা গ্যালিলের কাছে বিক্রি হওয়া পণ্যদ্রব্যে অন্তর্ভুক্ত করা হয়েছে তাদের এই নীতিটি জানানো হবে।

## আইনি বাধ্যবাধকতা

ডেল্টা গ্যালিল এবং এর অধিভুক্ত কোম্পানিগুলি শুধুমাত্র অনুমোদিত ঠিকাদার, সরবরাহকারী, বিক্রেতা এবং এজেন্টদের সাথে ব্যবসা করবে, যাদের এখানে "সরবরাহকারী" হিসাবে উল্লেখ করা হয়েছে যারা যে এখতিয়ারে কাজ করে এবং যে এখতিয়ারে এর পণ্যদ্রব্য বাণিজ্যিক ক্ষেত্রে প্রবেশ করে তার প্রযোজ্য আইন ও প্রবিধান মেনে চলে। ডেল্টা গ্যালিল তার কর্মচারীদের বা ব্যবসায়িক অংশীদারদের আইন মানার ক্ষেত্রে কোনো ব্যর্থতা সহ্য করবে না এবং চায় যে তার কর্মচারী এবং অংশীদারেরা আইন বা নিয়মের কোনো সন্দেহভাজন লঙ্ঘন ঘটলে তা অবিলম্বে রিপোর্ট করবে।  সমস্ত ক্ষেত্রে যেখানে এই বিধি, প্রযোজ্য গ্রাহক কোড এবং আইনের মধ্যে মতান্তর রয়েছে, সেখানে উচ্চতর মান প্রযোজ্য হবে।

## স্বচ্ছতা

ডেল্টা গ্যালিল একসাথে কাজ করার সময় সমস্ত বিষয়ে সম্পূর্ণ স্বচ্ছতা আশা করে।  সমস্ত সরবরাহকারী এবং কর্মচারীদের তাদের ব্যবসার ক্ষেত্রে নৈতিকতা বজায় রাখতে হবে। সরবরাহকারীরা এই মানগুলির সাথে সম্মতি প্রদর্শনের জন্য প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টেশন 5 বছরের জন্য অন-সাইটে রক্ষণাবেক্ষণ করবে, যার মধ্যে ডেল্টা গ্যালিলের সাথে সম্মত রেকর্ডকিপিং-এর প্রয়োজনীয়তা অন্তর্ভুক্ত, কিন্তু সীমাবদ্ধ নয়। এই মানগুলি মেনে চলা হচ্ছে কিনা তা নিরীক্ষণ করার জন্য ডেল্টা গ্যালিল উৎপাদন সুবিধাগুলির ঘোষিত এবং অঘোষিত অন-সাইট পরিদর্শনের মতো ইতিবাচক ব্যবস্থা গ্রহণ করবে। সরবরাহকারীদের নিরীক্ষণ ভিজিটের জন্য ডেল্টা গ্যালিল প্রতিনিধিদের উৎপাদন সুবিধা, কর্মচারীদের রেকর্ড এবং কর্মীদের গোপনীয় সাক্ষাৎকারের জন্য সম্পূর্ণ অ্যাক্সেসের অনুমতি দিতে হবে। এছাড়াও, সরবরাহকারীদের অডিটে সম্বোধন করা বিষয়গুলির উপর ডেল্টা গ্যালিল প্রতিনিধিদের যুক্তিসঙ্গত প্রশ্নের অবিলম্বে জবাব দিতে হবে। সম্পূর্ণ অ্যাক্সেস প্রদান করতে বা যুক্তিসঙ্গত প্রশ্নের জবাব দিতে ব্যর্থ হলে সরবরাহকারীদের উপর নিষেধাজ্ঞা আরোপ করা বা তাদের সাথে ব্যবসায়িক সম্পর্ক বন্ধ করা হতে পারে।  উপরন্তু, ডেল্টা গ্যালিল তার সাপ্লাই চেইনের সকল স্তরে তার সরবরাহকারীদের জানার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।  ডেল্টা গ্যালিল আশা করে যে তার সরবরাহকারীরা ডেল্টা গ্যালিলের জন্য পণ্যদ্রব্য প্রস্তুতকারী সমস্ত সাপ্লাই চেইনের ম্যাপিংয়ে সহায়তা করে এই প্রতিশ্রুতিকে আরও এগিয়ে নিয়ে যাবে।

## কর্মসংস্থানগত সম্পর্ক

সরবরাহকারীদের কর্মসংস্থানের নিয়ম ও শর্তাবলী যা কর্মীদের সম্মান করে এবং ন্যূনতম ক্ষেত্রে, জাতীয় ও আন্তর্জাতিক শ্রম এবং সামাজিক নিরাপত্তা আইন এবং প্রবিধানের অধীনে তাদের অধিকারগুলিকে রক্ষা করে, তা গ্রহণ করতে এবং মেনে চলতে হবে। বাড়ি ছাড়ার আগে সকল কর্মীদের তাদের কর্মসংস্থানের প্রাথমিক শর্তাবলী সম্পর্কে জানাতে হবে।

## অ-বৈষম্য

যদিও ডেল্টা গ্যালিল সাংস্কৃতিক ভিন্নতাকে স্বীকৃতি দেয় এবং সম্মান করে, কর্মসংস্থান যোগ্যতার ভিত্তিতে হওয়া উচিত এবং বিশ্বাস বা অন্য কোনও ব্যক্তিগত বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে নয়। ডেল্টা গ্যালিল সকল কর্মচারীদের সাথে ন্যায্য এবং সমানভাবে আচরণ করার জন্য দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। প্রার্থী এবং কর্মচারীদের তাদের দক্ষতা, যোগ্যতা এবং কৃতিত্ব অনুযায়ী মূল্যায়ন করা হবে। সরবরাহকারীরা সামাজিক গোষ্ঠী, জাতিগত উৎস, জাতি, লিঙ্গ, যৌন অভিমুখীতা, ধর্ম, জাতীয়তা, বয়স, অক্ষমতা বা অন্য কোনও বৈশিষ্ট্যের ভিত্তিতে বৈষম্য সহ নিয়োগ, ক্ষতিপূরণ, অগ্রগতি, শৃঙ্খলা, চাকুরীর অবসান বা অবসর গ্রহণের ক্ষেত্রে বৈষম্য করবেন না।

## জোরপূর্বক শ্রম

সরবরাহকারীরা জেল, চুক্তিবদ্ধ, বন্ডেড বা অন্যান্য ধরনের বাধ্যতামূলক শ্রম সহ জোরপূর্বক শ্রম ব্যবহার করবেন না। কোন শ্রমিককে তাদের কাজ পাওয়ার জন্য অর্থ দিতে হবে না। কর্মীদের নিয়োগ বা প্রক্রিয়াকরণের সাথে সম্পর্কিত সমস্ত খরচ এবং ফি নিয়োগকর্তাকে দিতে হবে এবং কর্মীদের কাছ থেকে ফেরত নেওয়া হবে না। শ্রমিকদের তাদের ভ্রমণ নথির নিয়ন্ত্রণ বজায় রাখতে হবে এবং চলাচলের পূর্ণ স্বাধীনতা থাকবে। সরবরাহকারীদের নিশ্চিত করতে হবে যে বাধ্যতামূলক শ্রম ইঙ্গিত করে এমন কিছু নেই, যেমনটি ILO ইন্ডিকেটর্স অব ফোর্সড লেবার-এ বর্ণিত আছে। ডেল্টা গ্যালিলের বাধ্যতামূলক শ্রম শংসাপত্রে আরও প্রয়োজনীয়তা বিস্তারিত ভাবে দেওয়া রয়েছে যা সমস্ত ডেল্টা গ্যালিল সরবরাহকারীদের বুঝতে হবে এবং স্বাক্ষর করতে হবে। ডেল্টা গ্যালিলের বাধ্যতামূলক শ্রম শংসাপত্রের যেকোনো এবং সমস্ত বিষয় এই বিধিতে একত্রিত করা হয়েছে।

## শিশু শ্রম

সরবরাহকারীরা 15 বছরের কম বয়সী বা দেশের আইনী কাজের বয়স বা বাধ্যতামূলক শিক্ষা সমাপ্ত করার জন্য কম বয়সের, এর মধ্যে যেটি বেশি, এমন কোন ব্যক্তিকে কাজে নিয়োগ করবে না। 18 বছরের কম বয়সী কর্মচারীদের অবশ্যই অল্প বয়স্ক কর্মীদের সাথে সম্পর্কিত স্থানীয় প্রবিধানের সাথে সঙ্গতি রেখে নিয়োগ করতে হবে।

## সঙ্ঘবদ্ধ হওয়া এবং সম্মিলিত দর কষাকষির স্বাধীনতা

হস্তক্ষেপ, ভয়ভীতি, হয়রানি বা প্রতিশোধের ভয় ছাড়াই সরবরাহকারীদের কর্মীদের অবাধে সঙ্ঘবদ্ধ হওয়ার, সম্মিলিত দর কষাকষির এবং তাদের অধিকার রক্ষার জন্য পদক্ষেপ নেওয়ার অধিকারকে স্বীকৃতি দিতে হবে এবং সম্মান করতে হবে। সরবরাহকারীদের এই অধিকারকে সেই সব দেশে স্বীকৃতি দিতে হবে যেখানে স্থানীয় আইনের অধীনে সঙ্ঘবদ্ধতার স্বাধীনতা এবং সম্মিলিত দর কষাকষির অধিকার সীমাবদ্ধ।

## কার্যকরী অভিযোগ প্রক্রিয়া

সরবরাহকারীদের নিশ্চিত করতে হবে যে কর্মীদের কার্যকর অভিযোগ প্রক্রিয়ার সুযোগ পাওয়ার সুবিধা রয়েছে, যার মধ্যে একাধিক রিপোর্টিং চ্যানেল রয়েছে যার অন্তত একটি গোপনীয়।

## হয়রানি এবং দুর্ব্যবহার

কর্মচারীদের এমন পরিবেশে কাজ করার অধিকার আছে যা মৌখিক, মনস্তাত্ত্বিক এবং শারীরিক নির্যাতন, ভয়ভীতি, যৌন হয়রানি, শোষণ, অন্য কোনো কর্মচারী, পুরুষ বা মহিলা দ্বারা লাঞ্ছনা বা অপমান থেকে মুক্ত, কোম্পানিতে তাদের অবস্থান নির্বিশেষে, সরবরাহকারীদের সব কর্মচারীদের সাথে মর্যাদা এবং সম্মানযুক্ত আচরণ করতে হবে।

## কাজের সময় এবং বিরতি

সরবরাহকারীদের নিশ্চিত করতে হবে যে কর্মীরা যে সময়ের জন্য কাজ করে তা তারা যে এখতিয়ারে উৎপাদন করে সেখানে নিয়মিত এবং ওভারটাইমের সময় আইনী সীমাবদ্ধতা অতিক্রম করে না। নিয়মিত কাজের সপ্তাহ 48 ঘন্টার বেশি হবে না। সমস্ত ওভারটাইম কাজ সম্মতিক্রমে হতে হবে। সরবরাহকারীরা নিয়মিত ভাবে ওভারটাইমের অনুরোধ করবেন না এবং প্রিমিয়াম হারে সমস্ত ওভারটাইম কাজের ক্ষতিপূরণ দেবেন। অস্বাভাবিক পরিস্থিতি ছাড়া, সপ্তাহে নিয়মিত এবং ওভারটাইম ঘন্টার যোগফল 60 ঘন্টার বেশি হবে না। সমস্ত কর্মচারীরা প্রতি সাত দিনের সময়কালে অন্তত একটি দিন, টানা 24 ঘন্টার সমতুল্য ছুটি পাওয়ার অধিকারী হবেন।

## ক্ষতিপূরণ

সরবরাহকারীদের ক্ষতিপূরণ প্যাকেজ প্রদানের মাধ্যমে তাদের কর্মীদের ন্যায্যভাবে ক্ষতিপূরণ দিতে হবে যা অন্ততপক্ষে, আইনত বাধ্যতামূলক ন্যূনতম মান বা প্রচলিত মজুরি, যেটি বেশি হয়, মেনে চলে এবং আইন বা চুক্তির দ্বারা প্রয়োজনীয় যেকোন প্রান্তিক সুবিধা প্রদান করে। কর্মচারীদের স্থানীয় আইন অনুসারে ওভারটাইমের জন্য সম্পূর্ণরূপে ক্ষতিপূরণ দিতে হবে এবং প্রতিটি কর্মচারীকে প্রত্যেক বেতনের সময়কালের জন্য একটি স্পষ্ট, লিখিত হিসাব প্রদান করতে হবে। যেখানে ক্ষতিপূরণ শ্রমিকদের মৌলিক চাহিদা পূরণ করে না এবং আবশ্যক প্রয়োজনীয়তা মেটাবার পর ইচ্ছা অনুযায়ী খরচ করার মত আয় প্রদান করে না, সেটি যাতে করে তার জন্য সরবরাহকারীদের ক্রমান্বয়ে ক্ষতিপূরণের একটি স্তরে পৌঁছাবার জন্য যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য কাজ করতে হবে।

স্বাস্থ্য ও নিরাপত্তা

সরবরাহকারীদের কর্মীদের নিরাপত্তার জন্য সক্রিয়ভাবে ঝুঁকি চিহ্নিত করতে, প্রতিরোধ করতে এবং কমাতে সব রকম ব্যবস্থা রাখতে হবে। সরবরাহকারীদের তার কর্মীদের একটি পরিষ্কার, নিরাপদ এবং স্বাস্থ্যকর কাজের পরিবেশ প্রদান করতে হবে, যা কাজ চলাকালীন বা নিয়োগকর্তার সুবিধাগুলির পরিচালনার ফলে ঘটা দুর্ঘটনা এবং স্বাস্থ্যের ক্ষতি প্রতিরোধ করার জন্য ডিজাইন করা হয়েছে। এর মধ্যে রয়েছে আগুন, দুর্ঘটনা এবং বিষাক্ত পদার্থ থেকে সুরক্ষা। আলো, তাপ এবং বায়ুচলাচল ব্যবস্থা পর্যাপ্ত হতে হবে। সরবরাহকারীদের তারা যে দেশ এবং সম্প্রদায়গুলিতে কাজ করে সেখানে কর্মক্ষেত্রের স্বাস্থ্য এবং নিরাপত্তার জন্য সমস্ত প্রযোজ্য, আইনত বাধ্যতামূলক মানগুলি মেনে চলতে হবে। যেখানে কর্মচারীদের আবাসিক সুবিধা প্রদান করা হয়, সেখানে একই মান প্রযোজ্য থাকবে।

পরিবেশ

সরবরাহকারীদের শক্তি, জল, বর্জ্য, বর্জ্য জল, বায়ুতে নির্গত গ্যাস কণা ইত্যাদি এবং রাসায়নিকের মতো আবহাওয়ার প্রভাব সম্পর্কিত ঝুঁকিগুলি হ্রাস করার জন্য পরিচালনা এবং কাজ করতে হবে। সরবরাহকারীরা যে দেশে কাজ করে সেসব দেশের পরিবেশ সুরক্ষা সংক্রান্ত সমস্ত আইন ও প্রবিধান মেনে চলতে হবে। পরিবেশের উপর সরবরাহকারীর নেতিবাচক প্রভাবগুলি কমানোর জন্য সরবরাহকারীদের অবশ্যই দায়িত্বশীল ব্যবস্থা গ্রহণ করতে হবে।

নিরাপত্তা

যে মাল জাহাজে বাইরে পাঠানো হচ্ছে তাতে অ-প্রকাশিত মাল রাখার বিরুদ্ধে সুরক্ষার জন্য সরবরাহকারীদের অবশ্যই সুরক্ষা পদ্ধতি স্থাপন করতে হবে। এই ধরনের আইটেমগুলির মধ্যে মাদক, জৈবিক এজেন্ট, বিস্ফোরক, অস্ত্র, তেজস্ক্রিয় পদার্থ, অবৈধ বিদেশী ব্যক্তি এবং অন্যান্য নিষিদ্ধ জিনিস অন্তর্ভুক্ত থাকবে। ডেল্টা সমস্ত আমদানিকারী দেশের জন্য প্রযোজ্য ন্যূনতম প্রয়োজনীয়তা হিসাবে ইউনাইটেড স্টেটস কাস্টমস এন্ড বর্ডার প্রোটেকশন (CBP) এর CTPAT নির্দেশিকাকে স্বীকৃতি দেয়।

নারীদের অধিকার

সরবরাহকারীদের নিশ্চিত করতে হবে যে সুবিধা, সমান আচরণ, তাদের কাজের মানের সমান মূল্যায়ন এবং পুরুষ কর্মীদের জন্য উন্মুক্ত সমস্ত পদ পূরণের সমান সুযোগ সহ নারী কর্মীরা পারিশ্রমিক পাবে। গর্ভাবস্থা পরীক্ষা চাকরির শর্ত হবে না, কর্মচারীদের কাছে এটি দাবীও করা হবে না। যে শ্রমিকরা মাতৃত্বকালীন ছুটি নেন (স্থানীয় এবং জাতীয় আইন দ্বারা নির্ধারিত সময়কালের জন্য) তারা বরখাস্ত বা বরখাস্তের হুমকির, জ্যেষ্ঠতা হ্রাস বা মজুরি কর্তনের সম্মুখীন হবেন না এবং একই হারে বেতন এবং সুবিধায় তাদের পূর্বের চাকরিতে ফিরে যেতে সক্ষম হবেন। গর্ভনিরোধক ব্যবহার করার জন্য শ্রমিকদের বাধ্য করা হবে না বা চাপ দেওয়া হবে না। শ্রমিকরা আঠা এবং দ্রাবক সহ ঝুঁকির সম্মুখীন হবে না যা তাদের প্রজনন স্বাস্থ্য সহ তাদের নিরাপত্তাকে বিপন্ন করতে পারে। সরবরাহকারীরা গর্ভাবস্থার সাথে সম্পর্কিত মহিলা কর্মীদের উপযুক্ত পরিষেবা এবং বাসস্থান প্রদান করবেন।

সাব-কন্ট্রাক্টিং

সরবরাহকারীরা ডেল্টা গ্যালিলের লিখিত অনুমোদন এবং উপ-কন্ট্রাক্টর এই আচরণবিধি মেনে চলতে সম্মত হওয়ার পরেই ডেল্টা গ্যালিলের পণ্য বা উপাদানগুলির উৎপাদনে উপ-কন্ট্রাক্টরদের ব্যবহার করতে পারবেন।

এই নীতিগুলির লঙ্ঘন হলে সরবরাহকারীর খরচে যথাযথভাবে প্রতিকার করতে হবে। ডেল্টা গ্যালিল এই মানগুলির সাথে ভবিষ্যতের সম্মতি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অধিকার সংরক্ষণ করে। এই মানগুলি মেনে চলতে ব্যর্থ হলে শেষ পর্যন্ত ডেল্টা গ্যালিল এবং অনুমোদিত সরবরাহকারীর মধ্যে সম্পর্কের অবসান ঘটবে।